

ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির সভার কার্য বিবরণী

সময়ঃ সকাল ১২:০০ ঘটিকায়

স্থানঃ ৪ নং কামালদিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়, মধুখালী, ফরিদপুর।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা

ক্রঃ নং	সদস্য গণের নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব ওয়ালিদ হাসান মামুন	চেয়ারম্যান	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ আবু তালেব শেখ	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব মোঃ সাহেব আলী	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৪.	জনাব মোঃ বাবলু খান	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব রফিক	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৬.	জনাব মোঃ আলম শেখ	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৭.	জনাব সয়েল আহমেদ	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৮.	জনাব মিজানুর রহমান	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
৯.	জনাব লিয়াকত মোল্যা	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
১০.	জনাব মোঃ আকতার হোসেন	ইউ,পি সদস্য	স্বাক্ষরিত
১১.	জনাব মোসাঃ সুফিয়া বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষরিত
১২.	জনাব মোসাঃ রোমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষরিত
১৩.	জনাব মোসাঃ শিল্পী বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষরিত
১৪.		সহকারী স্বাস্থ্য পরিদর্শক	স্বাক্ষরিত
১৫.	জনাব উজ্জ্বল ঘোষ	পরিবার পরিকল্পনা পঃ	স্বাক্ষরিত
১৬.	জনাব মোঃ রুবেল	সমাজকর্মী	স্বাক্ষরিত
১৭.	জনাব মেহেদী হাসান জয়	সমাজকর্মী	স্বাক্ষরিত
১৮.	জনাব আসিবুল ইসলাম সজিব	ইউপি সচিব	স্বাক্ষরিত

উপস্থিত সদস্যদের উপস্থিতিতে অধ্যকার সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এরপর অত্র সভার কার্যক্রম শুরু করা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	দায়িত্বশীল ব্যক্তি
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউপি সচিব বিগত সভার কার্যবিবরণী অধ্যকার সভায় উপস্থিত সকলের মাঝে পাঠ করে শুনান।	উপস্থিত সকল সদস্যবৃন্দ পরস্পারিক আলাপআলোচনাতে এবং কাহারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় বিগত	ইউ.পি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ

			সভায় কার্যবিবরণীর সকল বিষয় অনুমোদন প্রদান করেন।	
০২	ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি বিষয়ক।	সভায় ইউপি চেয়ারম্যান জনাব ওয়ালিদ হাসান মামুন জানান যে, উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর এর নির্দেশনা মোতাবেক ০ থেকে ০১ বছরের মধ্যে শিশু জন্মের নিবন্ধনের বিষয়ে বাধ্যবাধকতা রয়েছে। তার লক্ষ্যে ফরিদপুর জেলাকে সারা বাংলাদেশের মধ্যে ০ থেকে ০১ বছরের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের র্যাংকিংয়ে ভালো অবস্থান তৈরির লক্ষ্যে এবং শতভাগ এই কার্যক্রম ত্বরান্বিত করতে ইতিপূর্বে ইউনিয়নের সকল গ্রামপুলিশ সকল সদস্য বৃন্দ এবং বিভিন্ন সভা সমাবেশে দিক নির্দেশনা দেওয়া হয়েছে। চেয়ারম্যান সাহেব, সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক এর দৃষ্টি আকর্ষণ করে বলেন ইতিপূর্বে স্বাস্থ্য বিভাগ থেকে শিশু জন্মের পর প্রথম টিকা দেওয়ার পর দ্বিতীয় টিকার ক্ষেত্রে জন্ম নিবন্ধন বাধ্যবাধকতা রয়েছে। তাই শিশু টিকা দেওয়ার ক্ষেত্রে জন্ম নিবন্ধন যাচাইপূর্বক টিকা দেওয়ার জন্য অনুরোধ জানান। ইউনিয়নের কোথাও কোন ব্যক্তি মারা গেলে ৪৫ দিনের মধ্যে তাহার মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার ব্যাপারে প্রত্যেক ওয়ার্ড সদস্যকে সহযোগীতা করার জন্য বলেন।	সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ ০ থেকে ০১ বছরের মধ্যে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধনে সংশ্লিষ্ট অভিভাবক এবং গ্রাম পুলিশ বাহিনীর সদস্যদেরকে সার্বিক সহযোগীতা করবেন বলে জানান এবং ফরিদপুর জেলা উক্ত কার্যক্রমে সম্মানজনক র্যাংকিংয়ে অবস্থান করবে বলে জানান।	ইউ.পি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ

অতপর অদ্য সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে

অদ্য সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।